

ভর্তি

নরসিংদী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে ভর্তি, এসএসসি পাসে আবেদন, ভর্তি পরীক্ষা ২০০ নম্বরে

পড়াশোনা ডেস্ক

প্রকাশ: ২০ এপ্রিল ২০২৫, ১৪: ০৫



বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় (BUTEX) অধিভুক্ত নরসিংদী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে চার বছর মেয়াদি বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ২০২৩-২৪ শিক্ষাবর্ষে লেভেল-১, টার্ম-১-এ ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে। এটি বন্ধ ও পাট মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ তাঁত বোর্ড কর্তৃক পরিচালিত হয়ে থাকে।

* বিভাগ ও আসনসংখ্যা

১. ওয়েব প্রসেসিং ইঞ্জিনিয়ারিং ৪০টি

২. অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং ৪০টি

* আবেদনের যোগ্যতা

১. এসএসসি/দাখিল/সমমানের পরীক্ষায় ৫.০০-এর ক্ষেত্রে কমপক্ষে জিপিএ-৩.৫০ থাকতে হবে।

২. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা ইন জুট টেকনোলজি/ডিপ্লোমা ইন গার্মেন্টস ডিজাইন অ্যান্ড প্যাটার্ন মেকিং কোর্সের পরীক্ষায় ৪.০০-এর ক্ষেত্রে কমপক্ষে সিজিপিএ-২.৭৫ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

৩. উল্লিখিত কোর্সগুলোর পরীক্ষায় ২০২১, ২০২২ ও ২০২৩ সালে উত্তীর্ণ শিক্ষার্থীরাই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। তবে সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত, সেক্টর কর্পোরেশনে শিক্ষকতাসহ অন্যান্য পদে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না।

৪. চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

* ভর্তি পরীক্ষার বিস্তারিত

১. আবেদনের শেষ তারিখ: ২৩ এপ্রিল ২০২৫ পর্যন্ত।

২. ভর্তি পরীক্ষার তারিখ ও সময়: ২৬ এপ্রিল ২০২৫, শনিবার। সকাল ১০টা থেকে বেলা ১১টা ২০ মিনিট পর্যন্ত।

৩. ভর্তি পরীক্ষার স্থান: নরসিংদী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, সাহেপ্রতাব, নরসিংদী।

৪. ফলাফল প্রকাশ: ২৬ এপ্রিল ২০২৫। কলেজ ওয়েবসাইট www.bhb.gov.bd ও www.bheti.portal.gov.bd।

৫. ভর্তির তারিখ: মেধাতালিকা থেকে ভর্তি ২৭ থেকে ২৮ এপ্রিল ২০২৫। অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তি ২৯ এপ্রিল ২০২৫।

৬. ক্লাস শুরুর তারিখ: ৩০ এপ্রিল ২০২৫।

* ভর্তি পরীক্ষার নিয়মাবলি

১. ভর্তি পরীক্ষা মোট ২০০ নম্বরের MCQ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে।

২. প্রশ্নপত্রে ১০০টি MCQ প্রশ্ন থাকবে, প্রতিটি প্রশ্নের নম্বর হবে ২, প্রতি প্রশ্নে ৪টি উত্তরের অপশন থাকবে।

৩. পরীক্ষার সময়: ১ ঘণ্টা ২০ মিনিট।

* ভর্তি পরীক্ষার বিষয় ও পাঠ্যক্রম

১. ইয়ার্ন ম্যানুফ্যাকচারিং, ফেরিক ম্যানুফ্যাকচারিং, ওয়েট প্রসেসিং এবং গার্মেন্টস ও কলথিং টেকনোলজি বিষয়ের ওপর মোট (8×30) = ১২০ নম্বর এবং গণিত, পদার্থ, রসায়ন ও ইংরেজি বিষয়ের মোট (8×20) = ৮০ নম্বরের প্রশ্ন থাকবে। মোট ২০০ নম্বর।

২. ভর্তি পরীক্ষা ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা ইন জুট টেকনোলজি/ ডিপ্লোমা ইন গার্মেন্টস ডিজাইন অ্যান্ড প্যাটার্ন মেকিং টেকনোলজি কোর্সের জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সর্বশেষ পাঠ্যক্রম অনুযায়ী অনুষ্ঠিত হবে।

* বিস্তারিত তথ্য জানতে ওয়েবসাইট: www.bheti.portal.gov.bd